




বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

ফোন : ০২২২৩৩৮৩৬৩৭; ই-মেইল : dgmpd1@krishibank.org.bd



প্রশাসন (এমপিডি) পরিপত্র নং-০৩/২০২২

তারিখঃ ২৪/০১/২০২২ খ্রিঃ

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (ICC) মহাবিভাগের আওতাধীন ০৩ (তিন)টি বিভাগের নাম প্রযোজ্য ক্ষেত্রে বাংলা ও ইংরেজীতে ব্যবহারের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে ১৮-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৪৩৭তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে বিষয়টির উপর বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

“বাংলাদেশ কৃষি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়েল-২০১৮ এ বর্ণিত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ (ICC) এর সাংগঠনিক কাঠামোতে উল্লিখিত উক্ত মহাবিভাগের আওতাধীন ০৩(তিন)টি বিভাগের নাম প্রযোজ্য ক্ষেত্রে বাংলা ও ইংরেজীতে ব্যবহারের নির্দেশনা প্রদান করা হলো।”

০২। এমতাবস্থায়, ব্যবস্থাপনা সমন্বয় কমিটির উক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (ICC) মহাবিভাগের আওতাধীন তিনটি বিভাগ (ক) পরিপালন বিভাগ(Compliance Department), (খ) নিরীক্ষা বিভাগ(Audit Department) এবং (গ) পরিধারণ বিভাগ (Monitoring Department) এর নাম প্রযোজ্য ক্ষেত্রে বাংলা ও ইংরেজীতে ব্যবহারের নির্দেশনা যথাযথভাবে পরিপালন ও অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-



(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এমপিডি-৮৬(১)/২০২১-২০২২/৪৩(১২৫০)

তারিখ : ২৪/০১/২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।


(মোহাম্মদ এনামুল হক)
সহকারী মহাব্যবস্থাপক